



# বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

অর্থ পরিদপ্তর, বিদ্যুৎ ভবন (৭ম তলা), ১ নং আব্দুল গনি রোড, ঢাকা।

ফোন-০২-৯৫৮৫৮৬০, ০২৮১৯-২৩৭০৭২,

Email: dir.finance@bpdb.gov.bd

সূত্র নং-২৭.১১.০০০০.৩০২.০৫.০০৮.২৫-৩৩৯

তারিখ-০৪/০৫/২০২৬খ্রিঃ।

**বিষয়ঃ** বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আর্থিক ক্ষমতা অর্পণ (অনুময়ন ও উন্নয়ন) ২০২৬ খসড়ার উপর মাঠ পর্যায়ের দপ্তরসমূহের মতামত প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-২ (শাখা-১১) এর স্মারক নং: ০৭.১১১.০৩১.০১.০০.০০৭.২০২১ (অংশ-১)-৩৩৬, তারিখ: ১০ আগস্ট ২০২৫ মোতাবেক গণখাতে কর্পোরেশন/স্বায়ত্বশাসিত সংস্থাসমূহের পূর্তকাজ সম্পাদন, পণ্য ক্রয় ও পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত অনুমোদন ও সম্পাদন বিষয়ে আর্থিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত নির্দেশনা জারী করা হয়েছে। উক্ত নির্দেশনার আলোকে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের প্রচলিত “আর্থিক ক্ষমতা অর্পণ (অনুময়ন ও উন্নয়ন) ২০২৬” নীতিমালা সংশোধনপূর্বক “আর্থিক ক্ষমতা অর্পণ (অনুময়ন ও উন্নয়ন) ২০২৬” শীর্ষক একটি খসড়া প্রণয়ন করা হয়েছে।

উল্লেখ্য যে, উক্ত খসড়াটি বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সংশ্লিষ্ট সকল দপ্তরকে খসড়াটি নিয়মিত লিংক/কিআর কোড হতে ডাউনলোডপূর্বক পর্যালোচনা করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

বিবরণ	লিংক	কিআর কোড
আর্থিক ক্ষমতা অর্পণ (উন্নয়ন)-২০২৬	<a href="https://objectstorage.ap-dcc-gazipur-1.oraclecloud15.com/n/axvjbnqprylg/b/V2Ministry/o/office-bpdb/2026/4/5114e50c-3748-4957-8577-d8e4c546541d.pdf">https://objectstorage.ap-dcc-gazipur-1.oraclecloud15.com/n/axvjbnqprylg/b/V2Ministry/o/office-bpdb/2026/4/5114e50c-3748-4957-8577-d8e4c546541d.pdf</a>	
আর্থিক ক্ষমতা অর্পণ (অনুময়ন)-২০২৬	<a href="https://objectstorage.ap-dcc-gazipur-1.oraclecloud15.com/n/axvjbnqprylg/b/V2Ministry/o/office-bpdb/2026/4/dbc0d1ed-65b5-4dbb-9684-7e240bf48d00.pdf">https://objectstorage.ap-dcc-gazipur-1.oraclecloud15.com/n/axvjbnqprylg/b/V2Ministry/o/office-bpdb/2026/4/dbc0d1ed-65b5-4dbb-9684-7e240bf48d00.pdf</a>	

খসড়াটি চূড়ান্তকরণের লক্ষ্যে মাঠ পর্যায়ের দপ্তরসমূহের বাস্তব অভিজ্ঞতা, প্রশাসনিক চাহিদা, কার্যক্রম পরিচালনায় উদ্ভূত সমস্যা এবং সম্ভাব্য উন্নয়নমূলক প্রস্তাবসমূহ অত্যন্ত গুরুত্বপূর্ণ বিবেচিত। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকল দপ্তরকে খসড়াটির উপর সুস্পষ্ট মতামত, গঠনমূলক পরামর্শ ও প্রয়োজনীয় সংশোধনী প্রস্তাব লিখিতভাবে প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

অতএব, খসড়াপূর্বক “আর্থিক ক্ষমতা অর্পণ (অনুময়ন ও উন্নয়ন) ২০২৬” এর উপর আপনাদের মতামত/মন্তব্য/প্রস্তাবসমূহ আগামী ১৩/০৫/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে স্বাক্ষরিত হার্ডকপিসহ নিম্নলিখিত ই-মেইলঃ

ce.generation@bpdb.gov.bd  
dir.finance.bpdb@gmail.com  
moktar031061@gmail.com

এ সফটকপি প্রেরণের জন্য জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রধান প্রকৌশলী, উৎপাদন মহোদয়, বিউবো, ঢাকা এর অনুমোদনক্রমে অত্র আদেশ জারী করা হলো।

**বিষয়টি অতীব জরুরী**

(সেইদ জুলফিকার আলী)  
অতিরিক্ত পরিচালক

ও  
পরিচালক (অতিঃ দাঃ)  
অর্থ পরিদপ্তর, বিউবো, ঢাকা

প্রধান প্রকৌশলী/ অতিঃ প্রধান প্রকৌশলী/ প্রকল্প পরিচালক/ প্রধান চিকিৎসা কর্মকর্তা/  
নিয়ন্ত্রক, হিসাব ও অর্থ/ মহা-ব্যবস্থাপক,.....  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ ব্যবস্থাপক/ পরিচালক/অতিঃ পরিচালক/  
সিনিয়র সিস্টেম এনালিস্ট,.....  
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।

সূত্র নং-২৭.১১.০০০০.৩০২.০৫.০০৮.২৫-৩৩৯

তারিখ-০৪/০৫/২০২৬খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি:

০১। নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ), বিউবো ঢাকা।

০২। সিএসওটু চেয়ারম্যান, বিউবো, ঢাকা।

০৩। উপ-সচিব, অর্থ/ প্রশাসন/ বিতরণ/ পি এন্ড ডি/ উৎপাদন/ কোম্পানি এ্যাফেয়ার্স, বিউবো, ঢাকা।

০৪। অফিস কপি।

(মোঃ মোহসীন)

সহকারী পরিচালক (বাজেট)  
অর্থ পরিদপ্তর, বিউবো, ঢাকা।